



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৫.২০.২৫৬

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭

১৩ আগস্ট ২০২০

বিষয়: অভিযোগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর 'পাশাপোল আমজামতলা মডেল কলেজ' চৌগাছা, যশোর এর অধ্যক্ষসহসকল শিক্ষক-কর্মচারীর এমপিও বন্ধ সংক্রান্ত

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০১৭.২০১৮.১১১; তারিখ: ২৮/০৭/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক যশোর জেলার চৌগাছা উপজেলাধীন পাশাপোল আমজামতলা মডেল কলেজের প্রভাষক (রসায়ন) জনাব তরুন কান্তি ঘোষ কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করার জন্য এবং অভিযোগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মাউশি অধিদপ্তর উক্ত কলেজের অধ্যক্ষসহ সকল শিক্ষক-কর্মচারীর এমপিও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে শিক্ষা মন্ত্রণালয় হতে পত্র প্রেরণ করেছেন।

জনাব তরুন কান্তি ঘোষ, প্রভাষক (রসায়ন) কর্তৃক অভিযোগ করা হয় যে, তিনি উক্ত প্রতিষ্ঠানে ২০০৪ সাল থেকে প্রভাষক, রসায়ন পদে নিয়োগপ্রাপ্ত হয়ে দায়িত্ব পালন করেছেন। তিনি উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ তাঁকে বাদ দিয়ে অবৈধভাবে জনাব বখতিয়ার উদ্দীনকে ব্যাক ডেটে নিয়োগ দিয়ে এমপিওভুক্ত করার জন্য online এ সমুদয় কাগজপত্র দাখিল করেছেন।

সে প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

(ক) জনাব মোঃ মঈনুল হাসান, উপসচিব, সরকারি কলেজ-৫ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ অভিযোগটি জরুরিভিত্তিতে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করবেন। তদন্তের সময় পত্রিকার বিজ্ঞপ্তি, রেজুলেশন রেজিস্ট্রার, ডিজির প্রতিনিধি, নিয়োগ পরীক্ষার/কমিটির কলের স্বাক্ষরিত তুলনামূলক বিবরণী, শিক্ষকদের হাজিরা খাতা কলেজের বেতন বিবরণীসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়গুলো পরীক্ষা করবেন।

(খ) অভিযোগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর 'পাশাপোল আমজামতলা মডেল কলেজ' চৌগাছা, যশোর এর অধ্যক্ষসহসকল শিক্ষক-কর্মচারীর এমপিও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত 'পাশাপোল আমজামতলা মডেল কলেজ' চৌগাছা, যশোর এর অধ্যক্ষসহ সকল শিক্ষক-কর্মচারীর এমপিও বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) সভাপতি, পরিচালনা পরিষদ,, পাশাপোল আমজামতলা মডেল কলেজ, চৌগাছা, যশোর
- ৩) অধ্যক্ষ, , পাশাপোল আমজামতলা মডেল কলেজ, চৌগাছা, যশোর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৫.২০.২৫৬/১(৩)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭  
১৩ আগস্ট ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা)
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, যশোর
- ৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর



১৩-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক